‘যে বাড়িতে কুকুর এবং প্রাণীর ছবি থাকে তাতে ফেরেশতামন্ডলী প্রবেশ করেন না।’

আবূ ত্বলহা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত। তিনি বলেন, ‘যে বাড়িতে কুকুর এবং প্রাণীর ছবি থাকে তাতে ফেরেশতামন্ডলী
প্রবেশ করেন না।’
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানিয়েছিনে যে, রহমতের ফেরেশতারা এমন বাড়িতে প্রবেশ করে না যেখানে কুকুর বা প্রাণীর ছবি থাকে। এর কারণ হল যার রূহ রয়েছে তার ছবি একটি গুরুতর পাপ এবং তাতে রয়েছে আল্লাহর সৃষ্টির সাদৃশ্য গ্রহণ এবং এটি শিরকে পতিত হওয়ার একটি কারণ। এর মধ্যে কিছু এমন ছবি রয়েছে যাদেরকে আল্লাহর পরিবর্তে ইবাদত করা হয়। যে ঘরে কুকুর রয়েছে সেখানে ফেরেশতাদের প্রবেশ করা থেকে বিরত থাকার কারণ: কুকুর বেশি নাপাক খায় এবং তাদের মধ্যে কিছুকে শয়তান বলা হয় আর ফেরেশতাগণ হলেন শয়তানের বিপরীত। আরেকটি কারণ হলো কুকুরের দুর্গন্ধের কদর্যতা: ফেরেশতারা খারাপ গন্ধ ঘৃণা করেন, এজন্য এদের লালন-পালন করা নিষিদ্ধ; সুতরাং এদের লালন-পালনকারীকে তার ঘরে রহমতের ফেরেশতাদের প্রবেশ করা; সেখানে তাদের প্রার্থনা করা, তার জন্য তাদের ইস্তেগফার করা এবং তার ঘরে ও তার ওপর তাদের বরকতের দোয়া করা এবং তাদের দ্বারা তার থেকে শয়তানের ক্ষতি দূর করা থেকে বঞ্চিত করে তাকে শাস্তি দেওয়া হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/8950